একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)-৫০৫০ জে, তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ কুমিল্লা জেলা জজ আদালতের সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভুইয়া-এর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার আবেদন প্রসঙ্গে।**

সুত্রঃ জেলা জজ এর কার্যালয়, কুমিল্লা এর গত ২৩.০৮.২০২১ খ্রিস্টাব্দের ২১৫ জেঃজঃকুমিল্লা (প্রঃবিঃ)/২০২১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলা জজ আদালতে কর্মরত সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভুইয়া কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করা হয়েছে যে, তার শারীরিক অবস্থার অবনতি হলে ২৬/০৭/২০২১ খ্রিস্টাব্দে তিনি একজন মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হলে পরীক্ষা নিরীক্ষা করে ঔষধপত্র প্রদান করেন এবং একজন NEURO বিশেষজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হওয়ার জন্য পরামর্শ দেন। তিনি তাৎক্ষণিক NEURO বিশেষজ্ঞ ডাক্তার জনাব আবুল কালাম আজাদ (মুরাদ)-এর শরণাপন্ন হলে পরীক্ষা নিরীক্ষা করে তার অবস্থা শোচনীয় দেখে National Institute of Neuroscience and Hospital, Dhaka এ রেফার করেন। তিনি জরুরী বিভাগে গেলে ডাক্তার তাকে Stroke Unif হওয়ায় এবং শারীরিক অবস্থা শোচনীয় দেখে গত ২৬.০৭.২০২১ হতে ৩১.০৭.২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত I.C.U-তে চিকিৎসাধীন রাখেন। করোনা মহামারীর কারণে ডাক্তার তাকে ছাড়পত্র প্রদান করেন এবং বহির্বিভাগে নিয়মিত চিকিৎসা গ্রহণ করে বাসায় বিশ্রাম নিতে বলেন। কিন্তু তার চোখের ও মাথায় প্রচন্ড ব্যাথা থাকায় পরদিন ডাক্তারের শরণাপন্ন হন এবং চোখের ডাক্তারের চিকিৎসা নেন। ইতিমধ্যে হাসপাতালের ডাক্তার তার সকল স্বাস্থ্যপরীক্ষা ও এনজিওগ্রামের মাধ্যমে **ASMALL ANEURYSM AT SUPRACLINOID PART OF RICA** (বিকার সুপারাক্লিনয়েড অংশে একটি ছোট অ্যানিউরিজম) নামক সমস্যা নিধারণ করেন। উক্ত সমস্যাটি সমাধানের জন্য হাসপাতালের ডাক্তার অধ্যক্ষ, প্রফেসর কাজী মুহিবুর রহমান-এর নেতৃত্বে যৌথ টিম তাকে জানান যে, তার ব্রেইনে অপারেশনের মাধ্যমে রিং বসিয়ে উক্ত সমস্যা সমাধান করতে হবে। উক্ত রিং বাবদ ৮,৫০,০০০/- টাকা খরচ হবে এবং সাথে ঔষধ ও হাসপাতালের চার্জ দিতে হবে বলে তাকে একমাসের জন্য ছাড়পত্র দেন এবং একমাসের মধ্যে টাকা সংগ্রহ করে অপারেশনের পরামর্শ দেন। ইতোমধ্যে তার ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উপরে খরচ হয়েছে। বর্তমানে তার পক্ষে ৮,৫০,০০০/- টাকাসহ ঔষধ ও হাসপাতালের চার্জ জোগাড় করা সম্ভব হচ্ছে না।

**২। বর্ণিতাবস্থায়, কুমিল্লা জেলা জজ আদালতে কর্মরত সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভুইয়া-এর অপারেশনের মাধ্যমে ব্রেইনে রিং বসানো সংক্রান্ত চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট তিনি জরুরী আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন।**

৩। এমতাবস্থায়, কুমিল্লা জেলা জজ আদালতে কর্মরত সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভুইয়া-এর অপারেশনের মাধ্যমে ব্রেইনে রিং বসানো সংক্রান্ত চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তাকে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

**সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।**

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
**জনাব মোঃ আমির হোসেন ভুইয়া**
**সঞ্চয়ী হিসাব নং- ১৩১১০০১০০৯২২২**
**সোনালী ব্যাংক লিমিটেড**
**কোর্ট বিল্ডিং শাখা, কুমিল্লা।**
**বিকাশ: ০১৭৮১-১২৯৫২০।**

**স্বাঃ/-**
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- জে, তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ১৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩. মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৪. যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৫. মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৬. জেলা ও দায়রা জজ, ..........................................................................(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৭. মহানগর দায়রা জজ, ..........................................................................(সকল)
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ..........................................................................(সকল)।
৯. বিচারক(জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ..........................................................................(সকল)।
১০. বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল, ..........................................................................(সকল)।
১১. বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল, ..........................................................................(সকল)।
১২. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ..........................................................................(সকল)।
১৩. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৪. সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল ..........................................................................(সকল)।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৫. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৬. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ..........................................................................(সকল)।
১৭. স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ..........................................................................(সকল)।
১৮. বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১৯. সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল, ..........................................................................(সকল)।
২০. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেল্মেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২১. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২২. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪. বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমনট্রাইব্যুনাল, .......................................................................... (সকল)।
২৫. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৬. সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৭. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৮. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
(কমিশন সচিবালয়ে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
২৯. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩০. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
(ইন্সটিটিউটে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩১. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
(কমিশনে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩২. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৩. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪. আইন উপদেষ্টা, বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), ঢাকা।
৩৫. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ..........................................................................(সকল)।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৮. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ..........................................................................(সকল)।
(আপনার অধীনস্ত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৩৯. আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪২. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩. গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৪৪. রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭. অফিস কপি।

২৭.০৭.২০২৩

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)(ভারঃ)
ফোনঃ ০২২২৩৩৮১৯৩২।

2281 26 AUG 2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ এর কার্যালয়, কুমিল্লা।
(প্রশাসন বিভাগ)

মুজিব শতবর্ষ

স্মারক নং- ২৭৫ জে:জ:কুমিল্লা(প্র:বি:)/২০২১ তারিখ ঃ ০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ। / ২৩ আগস্ট ২০২১ খ্রি.।

বিষয় ঃ যুগ্ম জেলা জজ, ১ম আদালতের সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভূইয়ার চিকিৎসা বাবদ সাহায্যের আবেদনপত্র অগ্রগামী করণ প্রসঙ্গে ।

সূত্রঃ যুগ্ম জেলা জজ, ১ম আদালতের কার্যালয়, কুমিল্লার ২২/০৮/২১ খ্রি. তারিখের ২৮৫ নং স্মারক।

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কুমিল্লা জজশীপের যুগ্ম জেলা জজ, ১ম আদালতে কর্মরত সাঁটলিপিকার জনাব মোঃ আমির হোসেন ভূইয়া কর্তৃক দাখিলি চিকিৎসা বাবদ সাহায্যের আবেদনপত্র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ আবেদনপত্র ও অন্যান্য কাগজাদি-২৯ ফর্দ।

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা।

২৩/০৮/২১ খ্রি.
(মোঃ আতাবুল্লাহ্)
জেলা জজ, কুমিল্লা।

স্মারক নং- জে:জ:কুমিল্লা(প্র:বি:)/২০২১ তারিখ ঃ ০৮ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ। / ২৩ আগস্ট ২০২১ খ্রি.।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১. যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কুমিল্লা।
২. অফিস কপি।

২৩/০৮/২১ খ্রি.
জেলা জজ, কুমিল্লা।

মাননীয়,

রেজিস্ট্রার জেনারেল,
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

মাধ্যমেঃ সিনিয়র জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

মাধ্যমেঃ মাননীয় যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কুমিল্লা।

**বিষয়ঃ চিকিৎসার জন্য সাহায্যের আবেদন।**

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি কুমিল্লা জজশীপে সাঁটলিপিকার পদে সামান্য বেতনভূক্ত একজন কর্মচারী। আমার স্ত্রী একজন গৃহিনী, দুই মেয়ের মধ্যে একজন এইচ.এস.সি. অপরজন জে.এস.সি ২০২১ সালে পরীক্ষার্থী এবং আমার ছোট ছেলে মাদ্রাসায় কেজিতে পড়াশুনা করেন। আমার এই সামান্য বেতন দিয়ে তাদের লেখাপড়াসহ সাংসারিক খরচাদি জোগাড় করা খুবই কষ্টকর।

আমি গত ২৫/৭/২০২১ ইং তারিখ রাত ১২:০০ ঘটিকায় পায়খানা ও বমি করতে করতে অজ্ঞান হয়ে গেলে রাত্র ১.০০ ঘটিকার সময় স্থানীয় ডাক্তার এসে পরদিন পর্যন্ত প্রাথমিক চিকিৎসা প্রদান করেন। কিন্তু শারিরীক অবস্থার অবনতি ঘটায় ২৬/৭/২০২১ ইং তারিখে আমি একজন মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারের শরণাপর্ন্ন হইলে তিনি পরীক্ষা নিরিক্ষা করে ঔষধপত্র প্রদান করেন এবং একজন NEURO বিশেষঞ্জ ডাক্তারের শরণাপর্ন্ন হওয়ার জন্য পরামর্শ দেন। আমি তৎক্ষণাৎ NEURO বিশেষঞ্জ ডাক্তার জনাব আবুল কালাম আজাদ (মুরাদ) এর শরণাপর্ন্ন হইলে তিনিও পরীক্ষা নিরীক্ষা করে আমার অবস্থা শোচনীয় দেখে National Institute Of Neuroscience and Hospital, Dhaka.এ রেফার করেন। আমি ঐ দিন রাত ১২.৩০ ঘটিকার সময় বর্নিত হাসপাতালের জরুরী বিভাগে গেলে ডাক্তার আমার **"Stroke Unif"** হওয়ায় এবং শারিরীক অবস্থা শোচনীয় দেখে ২৬/৭/২০২১ ইং তারিখ রাত হতে ৩১/৭/২০২১ ইং তারিখ পর্যন্ত I.C.U. তে চিকিৎসাধীন রাখেন। ইতোমধ্যে উক্ত হাসপাতালে করোনায় আক্রান্ত হয়ে বহু লোক মারা যাওয়ায় ডাক্তার আমাকে ছাড়পত্র দিয়ে বলেন আপনি প্রতিদিন এসে বর্হিবিভাগে চিকিৎসা নিয়ে বাসায় বিশ্রামে থাকবেন। কিন্ত আমার চোখের ও মাথায় প্রচন্ড ব্যাথা থাকায় পরদিন ডাক্তারের শরণাপর্ন হই এবং চোখের ডাক্তারের চিকিৎসা নেই। কিন্তু আমার শারিরীক অবস্থার অবনতি হলে বর্নিত হাসপাতালের ডাক্তারের পরামর্শক্রমে ১১/৮/২০২১ ইং তারিখে আমাকে পুনরায় ভর্তি করান। ইতিমধ্যে হাসপাতালের ডাক্তার আমার প্রশ্রাব, রক্ত, ই.সি.জি, এক্সরে, মাথার সিটি স্ক্যান, ই.সিটি.স্ক্যানসহ সর্বশেষ DSA এর মাধ্যমে এনজিওগ্রাম করে **A SMALL ANEURYSM AT SUPRACLINOID PART OF RICA (রিকার সুপারাক্লিনয়েড অংশে একটি ছোট অ্যানিউরিজম)** নামক সমস্যা নির্ধারন করেন। উক্ত সমস্যাটি সমাধানের জন্য হাসপাতালের ডাক্তার অধ্যক্ষ, প্রফেসার কাজী মুহিবুর রহমান এর নেতৃত্বে যৌথ টিম আমাকে জানান যে, আপনার ব্রেইনএ অপারেশনের মধ্যামে রিং বসিয়ে উক্ত সমস্যা সমাধান করতে হবে, তার জন্য উক্ত রিং বাবদ ৮,৫০,০০০/০০ টাকা খরচ পড়বে এবং সাথে ঔষধ ও হাসপাতালের চার্জ দিতে হবে বলিয়া আমাকে একমাসের জন্য ছাড়পত্র দেন এবং একমাসের মধ্যে টাকা সংগ্রহ করে অপারেশনের পরামর্শ দেন। (কপি সংযুক্ত)

আমি একজন সামান্য বেতনভূক্ত কর্মচারী। ইতোমধ্যে আমার প্রায় ২,০০,০০০/০০ (দুই লক্ষ) টাকা উপরে খরচ হয়ে গিয়েছে। বর্তমানে আমার পক্ষে ৮,৫০,০০০/০০ টাকাসহ ঔষধ ও হাসপাতালের চার্জ জোগাড় করা অসম্ভব। এমতাবস্থায় মানবিক দিক বিবেচনা করিয়া আমার উন্নত চিকিৎসার জন্য বাংলাদেশের বিচার বিভাগীয় মাননীয় কর্মকর্তাগন এবং কর্মচারীগনের নিকট হইতে চিকিৎসা বাবদ সাহায্য প্রাপ্তির জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

বিনীত,
আপনার একান্ত অনুগত,
মোঃ আমির হোসেন ভূইয়া
(মোঃ আমির হোসেন ভূইয়া) ২২/৮/২১
সাঁটলিপিকার,
যুগ্ম জেলা জজ
১ম আদালত, কুমিল্লা।

**অর্থ প্রেরণের ঠিকানাঃ**
মোঃ আমির হোসেন ভূইয়া,
সঞ্চয়ী হিসাব নং -১৩১১০০১০০৯২২২
সোনালী ব্যাংক লিঃ,
কোর্ট বিল্ডিং শাখা, কুমিল্লা।
বিকাশ-০১৭৮১-১২৯৫২০